দৈনিক জনকণ্ঠ

JUN. 10 2002

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# ঢাবি এলাকায় মাদকাসক্ত ২৫ বহিরাগত গ্রেফতার

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ॥ ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকা থেকে রবিবার রাতে ২৫ বহিরাগতকে গ্রেফতার করা হয়েছে। গাজা, হেরোইন ও ফেনসিডিলসহ নেশায় আসক্ত এ সব যুবককে গ্রেফতারে নেতৃত্ব দেন প্রক্টর ড. নজরুল ইসলাম। তিনি সহকারী প্রক্টর ও পুলিশ নিয়ে রাত আটটার দিকে কেন্দ্রীয় লাইব্রেরী, জাতীয় কবি নজরুলের মাজার এলাকায় অভিযান চালান। উল্লেখ্য, গত শনিবার দৈনিক জনকণ্ঠে রাতের আঁধারে ঢাকা বিশ্ববিদ্যালয়ে নেশাখোরদের উপদ্রব সম্পর্কে একটি খবর প্রকাশিত হয়।